



তোমাকে দাঙ্গার জন্মে, হে স্বাধীনতা, তোমাকে দাঙ্গার জন্মে



## স্বাধীনতা

### কাইটম পারভেজ

এ্যাই বাবা -স্বাধীনতা মানে কী?  
 পাঁচ বছরের ছেলেটি শুধায়।  
 ইনিয়ে বিনিয়ে বাবা বলে যায়-  
 ইয়ে, এই মানে ধর গিয়ে একটা পতাকা  
 লাল সবুজের গাঢ় রঙ দিয়ে আঁকা।  
 লালের মাঝে আগে হলুদ একটা মানচিত্র ছিলো  
 সেটার একটা মানেও ছিলো।  
 ধীরে ধীরে মানে গুলোও কেমন বেমানান হলো ...  
 কি হলো বলো স্বাধীনতার মানে কী বলো?

স্বাধীনতা হলো গিয়ে দুঁবেলা পেট ভরে খাওয়া  
 রাস্তার ভিক্ষুকটাকে দশ বিশটা টাকা দেওয়া  
 এই ধরো জামার সমষ্ট বোতাম খুলে  
 গলা ছেড়ে গান গাইতে গাইতে  
 রাত দুটোয় বাড়ী ফিরে যাওয়া।  
 ঘোষেদের তরুণী মেয়েটি একা রিঞ্চায়  
 রাতবিরেতে তার বাড়ীতে ফিরে যাওয়া।  
 ইদে বাড়ী যাবে বলে নির্বিষ্ণু ট্রেনের টিকিটটা পাওয়া।  
 মন ভরে আকাশ দেখা।  
 যাকে চাই তাকে পাই এমনি একটি স্বপ্ন দেখা।

### ছেলেটি এখন অনেক বড়

বাবাকে বলে - শোন বাবা স্বাধীনতা হলো গিয়ে  
 বীর মুক্তিযোদ্ধাদের সম্মান আর মাসিক ভাতা  
 মুক্তিযোদ্ধার কফিনে তোমার সেই লাল সবুজের পতাকা ঢাকা।  
 স্বাধীনতা মানে জিডিপি আট, মাথা পিছু উনিশশো ডলার আয়  
 স্বাধীনতা মানে অবৈতনিক শিক্ষা ছেলে বুড়ো নারী সবার গায়।  
 স্বাধীনতা মানে পদ্মা মেঘনা যমুনা সেতুর দেখা  
 ডিজিটাল হয়ে এগিয়ে গেলো সে রক্ত আখরে লেখা।  
 স্বাধীনতা হলো পিতার প্রতি নিঃস্বার্থ ভালবাসা  
 স্বাধীনতা আমার বোধের কাছে বারংবার ফিরে আসা।